# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০
www.cpa.gov.bd

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচী গ্রহণের নিমিত্তে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ঃ

সভাপতিঃ রিয়ার এডমিরাল জুলফিকার আজিজ, (ই) পিএসসি, বিএন. চেয়ারম্যান, চবক।
তারিখঃ ১৫ জুলাই ২০১৯খ্রি.।
সময়ঃ সকাল ১০.০০ টায়।
স্থানঃ চবক এর বোর্ড রুম।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট ক।

আলোচনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত চবক এর সকল সদস্য, বিভাগীয় প্রধান, উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ এবং সিবিএ এর নেতৃবৃন্দ সহ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। সভাপতি সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উল্লেখ করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীনের ০৩ বছরের মধ্যে ১৯৭৩ সালে চট্টগ্রাম বন্দরের কার্যক্রম পুরোদমে চালু করেন। তিনি বাংলাদেশের প্রথম নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর দায়িত্ব পালন করেন। নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণ করে যুদ্ধ পরবর্তী সময়ে রাশিয়া সরকারের সহযোগীতায় কর্ণফুলী চ্যানেলের মাইন অপসারণ করে নদীর নাব্যতা সচল করেন। তিনি ১৯৭৪ সালে বাংলাদেশে টেরিটোরিয়াল ওয়াটার এ্যাক্টস প্রণয়ন করেন। স্বাধীনতা যুদ্ধে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদান অবিস্মরণীয়। বিগত ১৩/০৫/২০১৯ তারিখ বেলা ১.০০ টায় নৌপরিবহন মন্ত্রণালয় এর মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ চৌধুরী, এম.পি, মহোদয়ের সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় চবক এর চেয়ারম্যান এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের অধিনস্হ বিভিন্ন সংস্থার প্রধানগণ উপস্থিত ছিলেন। সভায় মাননীয় মন্ত্রী জাতির পিতার অবদানকে স্বীকৃতি প্রদানের জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ের সাথে বঙ্গবন্ধুর কাজের যে সমস্ত সম্পৃক্ততা রয়েছে সেগুলোকে উল্লেখযোগ্যভাবে তুলে ধরে বছরব্যাপী কর্মসূচী গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করেন। উক্ত নির্দেশনা অনুযায়ী নৌপরিবহন মন্ত্রণালয়ের কার্যক্রমের সাথে মিল রেখে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষেও বছরব্যাপী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা আবশ্যক।

৩। সভায় উপস্থিত সকলে আলোচ্য বিষয়ের উপর বিষদ আলোকপাত করেন। জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষে নৌপম কর্তৃক গৃহীত কর্মসূচী ও নির্দেশনা সমূহের বিষয়ে উপস্থিত সকলে অবহিত হন এবং সে মোতাবেক চবক এ কর্মসূচী গ্রহণের জন্য একজন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে বিস্তারিত কর্মসূচী প্রণয়নের জন্য কমিটি গঠনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়। তৎপ্রেক্ষিতে নিম্নমতে একটি সমন্বয় কমিটি গঠন করা হলো ঃ

| | |
|---|---|
| জনাব মোঃ মমিনুর রশিদ, পরিচালক (প্রশাসন), চবক | -আহবায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা; |
| জনাব গৌতম বাড়ই, অথরাইজড অফিসার, চবক | -সদস্য; |
| জনাব মোঃ আজিজুল মওলা, উপ-সচিব, চবক | -সদস্য; |
| জনাব সাইফুল আলম, পরিবহন কর্মকর্তা, চবক | -সদস্য; |
| জনাব মোঃ হেলাল, হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক | -সদস্য। |

উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচীর সাথে মিল রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষে বছরব্যাপী নিম্নলিখিত কর্মসূচী পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

চলমান পাতা-০২

| ক্রঃ নং | তারিখ | মন্ত্রণালয়ের কর্মসূচী | চবক এর কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১. | ১৭ মার্চ, ২০২০ | (ক) ১৭ মার্চ, ২০২০ ইং তারিখ জাতীয় অনুষ্ঠানে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল কর্মকর্তার অংশ গ্রহণ।<br>(খ) দপ্তর/সংস্হাসমূহ অন্যান্য বছরের ন্যায় এ দিবসের কর্মসূচী গ্রহণ করবে। | (ক) ১৭ মার্চ, ২০২০ ইং তারিখ জাতীয় অনুষ্ঠানে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্হার সকল কর্মকর্তার অংশ গ্রহণ।<br>(খ) দপ্তর/সংস্হাসমূহ অন্যান্য বছরের ন্যায় এ দিবসের কর্মসূচী গ্রহন করবে। | ১৭ মার্চ, ২০২০ জাতীয় অনুষ্ঠানে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী বন্দরের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণের মাধ্যমে অন্যান্য বছরের তুলনায় ২০২০ সালে ভিন্ন আঙ্গিকে বেশ জাঁকজমকভাবে উদ্‌যাপন করা হবে। | (ক) সকল সদস্য, চবক।<br>(খ) সকল বিভাগীয় প্রধান, উপ-বিভাগীয় প্রধান, শাখা প্রধান, চবক।<br>(গ) জনাব আবুল মনছুর আহাম্মদ, সভাপতি, চবকপ, চবক।<br>(ঘ) জনাব রফিউদ্দিন খান, সাধারণ সম্পাদক, চবকপ, চবক। |
| ২. | ১৭ মার্চ, ২০২০ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ১৭ মার্চ ২০২০ হতে সকল মুক্তিযোদ্ধাদের আজীবন ফেরিঘাট ও লঞ্চ ঘাটের টোল ফ্রি সুবিধা প্রদানের ঘোষণা। | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ১৭ মার্চ ২০২০হতে মুক্তিযোদ্ধাদের বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান ঃ | চট্টগ্রাম বন্দর হাসপাতালে ইতিমধ্যে মুক্তিযোদ্ধাদের জন্য আলাদা কেবিন এর ব্যবস্হা করা হয়েছে। পেনশনভোগী মুক্তিযোদ্ধাদের জন্য একটা আলাদা মুক্তিযোদ্ধা পেনশন কর্ণার করতে হবে। | (ক) জনাব হাবিবুর রহমান, প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক।<br>(খ) ডাঃ মোশাররফ হোসেন, প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক।<br>(গ) জনাব মাহমুদুল হোসেন খান, প্রধান প্রকৌশলী |
| ৩. | মার্চ ২০২০ মাসের সুবিধা জনক সময় | (ক) ১৮/৩/২০২০ বা ১৯/৩/২০২০ তারিখ ০১দিন ব্যাপী ১ম সেমিনার আয়োজন। আলোচ্য বিষয়ঃ বঙ্গবন্ধু ও নদী মাতৃক বাংলাদেশ।<br>(খ) ১৮/৩/২০২০ বা ১৯/৩/২০২০ তারিখ ০১ দিন ব্যাপী ২য় সেমিনার আয়োজন। আলোচ্য বিষয়ঃ বঙ্গবন্ধু ও সুনীল অর্থনীতি। | (ক) ১৮/৩/২০২০ বা ১৯/৩/২০২০ তারিখ ০১দিন ব্যাপী ১ম সেমিনার আয়োজন। আলোচ্য বিষয়ঃ বঙ্গবন্ধু ও নদী মাতৃক বাংলাদেশ।<br>(খ) ১৮/৩/২০২০ বা ১৯/৩/২০২০ তারিখ ০১ দিন ব্যাপী ২য় সেমিনার আয়োজন। আলোচ্য বিষয়ঃ বঙ্গবন্ধু ও সুনীল অর্থনীতি। | আলোচ্য বিষয়ে ১৮/৩/২০২০ বা ১৯/৩/২০২০ তারিখ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের উদ্যোগে দিনব্যাপী শহীদ মোঃ ফজলুর রহমান মুন্সী অডিটোরিয়ামে দুটি সেমিনার আয়োজন করা হবে। | (ক) জনাব মোঃ মমিনুর রশিদ, পরিচালক (প্রশাসন), চবক।<br>(খ) ক্যাপ্টেন ফরিদুল আলম, উপ-সংরক্ষক, চবক।<br>(গ) জনাব মোঃ ওমর ফারুক, সচিব<br>(ঘ) কমান্ডার এম. আরিফুর রহমান, চীফ হাইড্রোগ্রাফর, চবক।<br>(ঙ) জনাব গৌতম বাড়ই, নির্বাহী ম্যাজেস্ট্রেট ও অথরাইজড অফিসার, চবক।<br>(চ) জনাব মোঃ রফিকুল আলম, প্রধান নিরীক্ষা কর্মকর্তা, চবক<br>(ছ) জনাব হালিমা বেগম, ম্যানেজার ট্রেনিং, চবক।<br>(জ) জনাব কাশানা আক্তার, অধ্যক্ষ, বন্দর মহিলা কলেজ, চবক।<br>(ঝ) জনাব মোঃ আবদুল হালিম চৌধুরী, অধ্যক্ষ, বন্দর কলেজ, চবক।<br>(ঞ) জনাব ঢালি মোঃ শোয়েব নজির, সিনিয়র হাইড্রোগ্রাফার, চবক।<br>(ট) জনাব মোঃ নাসির উদ্দিন, সিনিয়র হাইড্রোগ্রাফার, চবক।<br>(ঠ) জনাব সৈয়দ রেফায়েত হামিম, সহকারী সুপার ওয়ার্কসপ (মেরিন), চবক।<br>(ড) জনাব ওয়াকার খান, সিনিয়র কম্পিউটার অপারেটর, চবক। |

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
২০১৮-২০১৯ইং

| ক্রঃ নং | তারিখ | মন্ত্রণালয়ের কর্মসূচী | চবক এর কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ৪. | মার্চ, ২০২০ | তুরাগ নদীর তীরে লেজার শো প্রদর্শন | কর্ণফুলী নদীর তীরে লেজার শো প্রদর্শন ঃ | মার্চ ২০২০ সালের সুবিধাজনক তারিখে সদরঘাট কর্ণফুলী নদীর তীরে অথবা বে- টার্মিনালের প্রস্তাবিত জায়গায় লেজার শো অথবা ওয়াটার শো এর আয়োজন করা হবে। | (ক) জনাব মোঃ জাফর আলম, যুগ্ম সচিব, সদস্য (এএন্ডপি), চবক।<br>(খ) ক্যাপ্টেন মোঃ শফিউল বারী, সদস্য (হারবার ও মেরিন), চবক।<br>(গ) ক্যাপ্টেন ফরিদুল আলম, উপ-সংরক্ষক, চবক্<br>(ঘ) ক্যাপ্টেন আবু সুফিয়ান, ডক মাস্টার, চবক।<br>(ঙ) জনাব এস. এম. সাইফুল ইসলাম, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), চবক।<br>(চ) জনাব আবুল মনছুর আহাম্মদ, সভাপতি, চবকপ, চবক।<br>(ছ) জনাব রফিউদ্দিন খান, সাধারণ সম্পাদক, চবকপ, চবক। |
| ৫. | মার্চ, ২০২০ | নৌপরিবহন মন্ত্রণালয় ও অধিনস্হ বিভিন্ন সংস্হা সমূহ নিয়ে বঙ্গবন্ধুর বক্তৃতার সংকলন প্রকাশঃ | নৌপরিবহন মন্ত্রণালয় ও অধিনস্হ বিভিন্ন সংস্হা সমূহ নিয়ে বঙ্গবন্ধুর বক্তৃতার সংকলন প্রকাশঃ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চট্টগ্রাম বন্দরে আগমনের উপর দৈনিক খবরের কাগজে প্রকাশিত সংবাদ ও তথ্য চিত্র সংগ্রহ করে তার সংকলন প্রকাশ করা হবে। | (ক) জনাব মোঃ ওমর ফারুক, সচিব, চবক।<br>(খ) জনাব মাহবুব মোর্শেদ চৌধুরী, চীফ প্ল্যানিং, চবক।<br>(গ) জনাব মোঃ নাসির উদ্দিন, সিপিও, চবক।<br>(ঘ) মোঃ আব্দুস শাকুর, উর্দ্ধতন নিরীক্ষা কর্মকর্তা, চবক।<br>(ঙ) জনাব আশরাফ করিম চৌধুরী, এটিএম, চবক।<br>(চ) জনাব মোঃ আজিজুল মওলা, উপ-সচিব, চবক।<br>(ছ) জনাব মোঃ শফিউল আজম, জনসংযোগ কর্মকর্তা, চবক।<br>(জ) জনাব এস. এম. শামসুল হুদা, ক্যামেরাম্যান, চবক। |
| ৬. | মার্চ, ২০২০ | নদী ও নৌপথ এবং এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্হার কার্যক্রম সম্পর্কিত বঙ্গবন্ধুর গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সংকলন প্রকাশ। | চবক কার্যক্রম সম্পর্কিত বঙ্গবন্ধুর গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সংকলন প্রকাশ। | উপর্যুক্ত বিষয়ে তৎকালীন সময়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ১৯৭২/৭৩ সালের বোর্ড সিদ্ধান্ত সংগ্রহ করে একটি সংকলন তৈরী করা হবে। | (ক) জনাব মোঃ ওমর ফারুক, সচিব, চবক।<br>(খ) জনাব মাহবুব মোর্শেদ চৌধুরী, চীফ প্ল্যানিং, চবক।<br>(গ) জনাব মোঃ আজিজুল মওলা, উপ-সচিব, চবক।<br>(ঘ) জনাব মোঃ শিহাব উদ্দিন, সহকারী ব্যবস্থাপক (ভূমি), চবক।<br>(ঙ) জনাব মোঃ শফিউল আযম, সহকারী জনসংযোগ কর্মকর্তা, চবক।<br>(চ) জনাব এস. এম. শামসুল হুদা, ক্যামেরাম্যান, চবক। |
| ৭. | মার্চ, ২০২০ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে নৌপরিবহন মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত এ্যালবাম তৈরী ও তা বিভিন্ন দুতাবাস সহ অন্যান্য স্হানে বিতরণ। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে চবক এর কার্যক্রম সম্পর্কিত এ্যালবাম তৈরী ও তা বিভিন্ন দুতাবাস সহ অন্যান্য স্হানে বিতরণ। | স্বাধীনতা পরবর্তী সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে চবক এর কার্যক্রম সম্পর্কিত বিদেশী ম্যাগাজিনে প্রকাশিত ফিচার কালেকশন করে এ্যালবাম তৈরী করা হবে। | (ক) জনাব মোঃ ওমর ফারুক, সচিব, চবক।<br>(খ) জনাব জিল্লুর রহমান, ডেপুটি ম্যানেজার (এস্টেট), চবক।<br>(গ) জনাব মোঃ আজিজুল মওলা, উপ-সচিব, চবক।<br>(ঙ) জনাব সবুজ নন্দী, নিরীক্ষা কর্মকর্তা, চবক।<br>(চ) জনাব মোঃ শফিউল আযম, সহকারী জনসংযোগ কর্মকর্তা, চবক।<br>(ছ) জনাব এস. এম. শামসুল হুদা, ক্যামেরাম্যান, চবক। |

| ক্রঃ নং | তারিখ | মন্ত্রণালয়ের কর্মসূচী | চবক এর কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ৮. | মার্চ, ২০২০ | নৌপরিবহন মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কিত ৫ থেকে ১০ মিনিটের ডকুমেন্টারী তৈরী (মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সহ)। | প্রযোজ্য নহে। | প্রযোজ্য নহে। | |
| ৯. | এপ্রিল, ২০২০ | কানপুর ঘাট, নারায়ন গঞ্জে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি ফলক স্হাপন। | বন্দর এলাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি ফলক স্হাপন। | বারিক বিল্ডিং হতে ৪ নং গেইট পর্যন্ত চবক এর কাস্টম বাউন্ডারী ওয়ালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিভিন্ন ম্যুরাল অংকন এবং বন্দর এলাকায় দৃশ্যমান একটি জায়গায় বঙ্গবন্ধুর একটি স্মৃতি ফলক স্হাপন করা হবে। | (ক) কমডোর খন্দকার আক্তার হোসেন, সদস্য (প্রকৌশল), চবক।<br>(খ) জনাব মাহমুদুল হোসেন খান, প্রধান প্রকৌশলী, চবক।<br>(গ) জনাব মোঃ ওমর ফারুক, সচিব, চবক।<br>(ঘ) জনাব সাইফুল হাসান চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (ইমারত), চবক।<br>(ঙ) জনাব মোহাইমিনুল ইসলাম, সহকারী প্রকৌশলী (সিসিপি), চবক।<br>(চ) জনাব আবুল মনছুর আহাম্মদ, সভাপতি, চবকপ, চবক।<br>(ছ) জনাব রফিউদ্দিন খান, সাধারণ সম্পাদক, চবকপ, চবক। |
| ১০. | মে, ২০২০ | বঙ্গবন্ধু বিদেশী যে সমস্ত অতিথিদের নিয়ে নৌ ভ্রমনে গিয়েছেন সে বিষয়ে তথ্যচিত্র তৈরী। | বঙ্গবন্ধু বিদেশী যে সমস্ত অতিথীদের নিয়ে নৌ ভ্রমনে গিয়েছেন সে বিষয়ে তথ্যচিত্র তৈরী। | | (ক) জনাব মোঃ জাফর আলম, যুগ্ম সচিব, সদস্য (এএন্ডপি), চবক।<br>(খ) জনাব মোঃ মমিনুর রশিদ, উপ-সচিব, পরিচালক (প্রশাসন), চবক।<br>(গ) জনাব মোঃ ওমর ফারুক, সচিব, চবক।<br>(ঘ) জনাব তারেক মাহমুদ, সহকারী প্রকৌশলী (কঃসুঃ), চবক।<br>(ঙ) জনাব এস. এম. শামসুল হুদা, ক্যামেরাম্যান, চবক। |
| ১১. | আগস্ট ২০২০ | শোক দিবসে বিভিন্ন কর্মসূচী গ্রহণ। | শোক দিবসে বিভিন্ন কর্মসূচী গ্রহণ। | ১৫ আগস্ট, ২০২০ তারিখ জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আলোচনা সভা, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে মিলাদ মাহফিল/প্রার্থনা ও শোক র‍্যালীর আয়োজন করা হবে। | (ক) জনাব মোঃ মমিনুর রশিদ, উপ-সচিব, পরিচালক (প্রশাসন), চবক।<br>(খ) জনাব কাশানা আক্তার, অধ্যক্ষ, বন্দর মহিলা কলেজ, চবক।<br>(গ) জনাব মোঃ আবদুল হালিম চৌধুরী, অধ্যক্ষ, বন্দর কলেজ, চবক।<br>(ঘ) জনাব মোঃ মোখতার হোসেন, প্রধান শিক্ষক, বন্দর উচ্চ বিদ্যালয়, চবক।<br>(ঙ) জনাব রফিয়া খাতুন, প্রধান শিক্ষিকা, বন্দর বালিকা উচ্চ বিদ্যালয়, চবক।<br>(চ) জনাব মোঃ নজরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), চবক।<br>(ছ) জনাব মোঃ আলতাফ হোসেন, সিনিয়র পারসোনেল অফিসার, চবক।<br>(জ) জনাব আবুল মনছুর আহাম্মদ, সভাপতি, চবকপ, চবক।<br>(ঝ) জনাব রফিউদ্দিন খান, সাধারণ সম্পাদক, চবকপ, চবক। |

CHITTAGONG PORT AUTHORITY
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
২০১৮-২০১৯ইং

| ক্রঃ নং | তারিখ | মন্ত্রণালয়ের কর্মসূচী | চবক এর কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১২. | সেপ্টেম্বর, ২০২০ | ৪টি নতুন মেরিণ একাডেমীর শিক্ষা কার্যক্রম চালু। | প্রযোজ্য নহে। | প্রযোজ্য নহে। | |
| ১৩. | সেপ্টেম্বর, ২০২০ | বঙ্গবন্ধু নদী পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন । | বঙ্গবন্ধু নদী পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন। | চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বঙ্গবন্ধু নদী পদক এর অন্যতম দাবীদার। উপর্যুক্ত বিষয়ে চবক এর যৌক্তিকতা তুলে ধরে নৌপম এ পত্র প্রেরণ করা হবে। | (ক) জনাব মোঃ জাফর আলম, যুগ্ম সচিব, সদস্য (এএন্ডপি), চবক। (খ) জনাব মোঃ মমিনুর রশিদ, উপ-সচিব, পরিচালক(প্রশাসন) (গ) ক্যাপ্টেন ফরিদুল আলম, উপ-সংরক্ষক, চবক। (ঙ) জনাব মোঃ ওমর ফারুক, সচিব, চবক। (চ) কমান্ডার এম. আরিফুর রহমান, চীফ হাইড্রোগ্রাফার, চবক। (ছ) ক্যাপ্টেন জহিরুল ইসলাম, হারবার মাস্টার, চবক। (জ) জনাব মাহবুব মোর্শেদ চৌধুরী, চীফ প্ল্যানিং, চবক। (ঝ) জনাব মোঃ রায়হান উদ্দিন, সহকারী ব্যবস্থাপক (ভূমি), চবক। |
| ১৪. | অক্টোবর/ ২০২০ | ----------------- | চবক এর প্রাক্তন চেয়ারম্যান এবং সদস্যদের নিয়ে আলোচনা। | অক্টোবর, ২০২০ এর সুবিধাজনক তারিখে চবক এর প্রাক্তন চেয়ারম্যান এবং সদস্যদের নিয়ে একটি গোল টেবিল বৈঠকের বিষয়ে আলোচনা হবে। | (ক) জনাব জিল্লুর রহমান, ডেপুটি ম্যানেজার (এস্টেট), চবক। |
| ১৫. | ডিসেম্বর, ২০২০ | বিএসসি'র জাহাজ সমূহের প্রদর্শনী/তথ্যচিত্র প্রদর্শনী। | প্রযোজ্য নহে। | প্রযোজ্য নহে। | |
| ১৬. | ১০ জানুয়ারী ২০২১ | ১০ জানুয়ারী, ২০২১ এ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসে বিভিন্ন জেলায় নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন। | ১০ জানুয়ারী, ২০২১ এ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসে চবক এর নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন। | ১০ জানুয়ারী ২০২১ এ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসে চট্টগ্রাম বন্দরের উদ্যোগে কর্ণফুলী নদীতে নৌকা বাইচ প্রতিযোগিতার আয়োজন করা হবে। | (ক) জনাব মোঃ জাফর আলম, যুগ্ম সচিব, সদস্য (এএন্ডপি), চবক। (খ) ক্যাপ্টেন মোঃ শফিউল বারী, সদস্য (হারবার ও মেরিন), চবক। (গ) ক্যাপ্টেন ফরিদুল আলম, উপ-সংরক্ষক, চবক। (ঘ) জনাব মোঃ ওমর ফারুক, সচিব, চবক। (ঙ) কমান্ডার এম. আরিফুর রহমান, চীফ হাইড্রোগ্রাফার, চবক। (চ) ক্যাপ্টেন মোঃ মোস্তাহিদুল ইসলাম, সহকারী হারবার মাস্টার, চবক। (ছ) জনাব মোস্তফা ইকবাল, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), চবক। (জ) জনাব আসিফ মাহমুদ, নির্বাহী প্রকৌশলী (জলযান), চবক। (ঝ) জনাব আবুল মনছুর আহাম্মদ, সভাপতি, চবকপ, চবক। (ঞ) জনাব রফিউদ্দিন খান, সাধারণ সম্পাদক, চবকপ, চবক। |
| ১৭. | ফেব্রুয়ারী, ২০২১ | বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি'র পুনর্গঠনে বঙ্গবন্ধুর ভূমিকা সংক্রান্ত তথ্যচিত্র প্রদর্শনী/আলোচনা সভা। | প্রযোজ্য নহে। | প্রযোজ্য নহে। | |

| ক্রঃ নং | তারিখ | মন্ত্রণালয়ের কর্মসূচী | চবক এর কর্মসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১৮. | ৭ মার্চ, ২০২১ | ৭ মার্চ উদ্‌যাপনে বিভিন্ন কর্মসূচী গ্রহণ। | ৭ মার্চ উদ্‌যাপনে বিভিন্ন কর্মসূচী গ্রহণ। | প্রতিবছরের ন্যায় ৭ মার্চ উপলক্ষে চবক এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ প্রচার, আলোকচিত্র প্রদর্শনী ও আলোচনা সভা। | (ক) জনাব মোঃ মমিনুর রশিদ, উপ-সচিব, পরিচালক (প্রশাসন), চবক।<br>(খ) জনাব কাশানা আক্তার, অধ্যক্ষ, বন্দর মহিলা কলেজ, চবক।<br>(গ) জনাব মোঃ আবদুল হালিম চৌধুরী, অধ্যক্ষ, বন্দর কলেজ, চবক।<br>(ঘ) জনাব এস. এম. সাইফুল ইসলাম, উপ-প্রঃপ্রঃ (বিদ্যুৎ), চবক।<br>(ঙ) জনাব মোঃ নাসির উদ্দিন, সিপিও, চবক।<br>(চ) জনাব শফিউল আজম, জনসংযোগ কর্মকর্তা, চবক।<br>(ছ) জনাব মোঃ রাসেল, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), চবক।<br>(জ) জনাব আবুল মনছুর আহাম্মদ, সভাপতি, চবকপ, চবক।<br>(ঝ) জনাব রফিউদ্দিন খান, সাঃ সম্পাদক, চবকপ, চবক। |
| ১৯. | ১৭ মার্চ, ২০২১ | বরেণ্য ব্যক্তি/জাতীয় কমিটির সদস্যদের নিয়ে নৌ ভ্রমনের আয়োজন | বরেণ্য ব্যক্তি/জাতীয় কমিটির সদস্যদের নিয়ে নৌ ভ্রমনের আয়োজন | চট্টগ্রামের বরেণ্য ব্যক্তি এবং জাতীয় কমিটির সদস্যদের নিয়ে কর্ণফুলী নদীতে নৌ ভ্রমনের আয়োজন করা হবে। | (ক) জনাব মোঃ জাফর আলম, যুগ্ম সচিব, সদস্য (এএন্ডপি), চবক।<br>(খ) জনাব মোঃ কামরুল আমিন, সদস্য (অর্থ), চবক।<br>(গ) ক্যাপ্টেন মোঃ শফিউল বারী, সদস্য (হারবার ও মেরিন), চবক।<br>(ঘ) ক্যাপ্টেন ফরিদুল আলম, উপ-সংরক্ষক, চবক।<br>(ঙ) জনাব মোঃ ওমর ফারুক, সচিব, চবক।<br>(চ) জনাব এনামুল করিম, পরিচালক (পরিবহন), চবক।<br>(ছ) জনাব আবুল মনছুর আহাম্মদ, সভাপতি, চবকপ, চবক।<br>(জ) জনাব রফিউদ্দিন খান, সাধারণ সম্পাদক, চবকপ, চবক। |

CHITTAGONG PORT AUTHORITY
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
২০১৮-২০১৯ইং

৪। উপরোক্ত কর্মসূচী বাস্তবায়নের জন্য বর্ণিত কমিটি/কর্মকর্তাবৃন্দ স্ব-স্ব কর্মসূচীর বাজেট প্রণয়ন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিচালক (প্রশাসন), চবক এর মাধ্যমে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করবেন।

৫। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে উল্লিখিত কর্মসূচী ব্যতিত আরো কোন কর্মসূচী গ্রহণ করা যায় কিনা এ বিষয়ে স্ব-স্ব বিভাগকে আগামী ০৭ দিনের মধ্যে প্রস্তাব দাখিল করার অনুরোধ করেন। বিভাগ সমূহের নুতন প্রস্তাব পাওয়া গেলে অদ্যকার আলোচ্য বিষয়ের সাথে নুতন প্রস্তাব বিবেচনা করে পরবর্তী সভায় কর্মসূচী চূড়ান্ত করা হবে। পরিশেষে সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
তারিখ ঃ ৬ আগস্ট ২০১৯খ্রি.।
১৪/৮/২০১৯

নং-১৮.০৪.০০০০.১৮৪.২৩.৯৭-২০১৯/ ২৭০

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ঃ

১. সকল সদস্য, চবক;
২. সকল বিভাগীয় প্রধান/উপ-বিভাগীয় প্রধান/শাখা প্রধান, চবক;
৩. সকল প্রকল্প পরিচালক, চবক;
৪. অধ্যক্ষ, বন্দর কলেজ, চবক;
৫. অধ্যক্ষ, বন্দর মহিলা কলেজ, চবক;
৬. সিস্টেম এনালিস্ট, চবক; [ চবক ওয়েব সাইটে প্রকাশের জন্য]
৭. প্রধান শিক্ষক, বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়, চবক;
৮. প্রধান শিক্ষিকা, বন্দর বালিকা উচ্চ বিদ্যালয়, চবক;
৯. সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, চবক;
১০. সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম বন্দর কর্মচারী পরিষদ (সিবিএ), চবক;
১১. প্রধান শিক্ষক/শিক্ষিকা, সকল প্রাথমিক বিদ্যালয়, চবক;
১২. পিএ-টু চেয়ারম্যান, চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য;
১৩. অফিস কপি।

পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

Forward
৬/৮/১৯